

**বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কর্তৃক অস্ট্রেলিয়া ইউনিট অনুমোদিত
জনাব আবুল এইচ এম হেলালউদ্দিন-আহবায়ক, কায়সার আহমেদ-যুগ্ম আহবায়ক এবং
ওয়ালিউর রহমান টুনু-সদস্য সচিব**

রিপোর্ট: ২রা নভেম্বর ২০১১ তারিখে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের চেয়ারম্যান মেজর
জেনারেল (অবঃ) হেলাল মোর্শেদ খান বীর বিক্রম স্বাক্ষরিত এক চিঠির মাধ্যমে অস্ট্রেলিয়া কমান্ড ইউনিট
অনুমোদনের কথা জানানো হয়েছে।

উক্ত চিঠিতে জানানো হয়েছে যে কেন্দ্রীয় কাউন্সিলের সভায় আবুল এইচ এম হেলালউদ্দিন -আহবায়ক, কায়সার
আহমেদ-যুগ্ম আহবায়ক এবং ওয়ালিউর রহমান টুনু-সদস্য সচিব করে ১১ সদস্য বিশিষ্ট একটি কমিটির নেতৃত্বে
অস্ট্রেলিয়া কমান্ড ইউনিটকে অনুমোদন করা হয়েছে। উক্ত চিঠিতে আশা ব্যক্ত করা হয়েছে যে অস্ট্রেলিয়া কামন্ড
ইউনিট দায়িত্ব পালনে সঠিক নেতৃত্বের মাধ্যমে বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করবেন, তথা মুক্তিযুদ্ধের চেতনা
সঠিক ইতিহাস তুলে ধরবেন। অস্ট্রেলিয়া বসবাসরত সকল মুক্তিযোদ্ধাদের এক্যবন্দ করে মুক্তিযুদ্ধের চেতনা
বাস্তবায়নে বলিষ্ঠ ভূমিকা পালন করবেন।

এখানে উল্লেখযোগ্য যে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল বর্তমান কমিটি সংগঠনের
ইতিহাসে প্রথমবারের মত সকল মুক্তিযোদ্ধাদের সরাসরি ভোটে নির্বাচিত।